



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০১৬.২০-১৩১

তারিখঃ ২৪ ফাল্গুন ১৪২৬
০৮ মার্চ ২০২০

বিষয়ঃ রিট পিটিশন নং-১৪২১২/২০১৯ এর প্রেক্ষিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণসহ গৃহীত কার্যক্রম এ বিভাগকে অবহিতকরণ।

সূত্রঃ মাননীয় হাইকোর্ট হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১৪২১২/২০১৯ এর রুলনিশি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট মামলার বিবরণ নিম্নরূপঃ

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্টস	মামলা দায়েরের কারণ/বিষয়
১৪২১২/২০১৯	আলহাজ্ব এ.বি.এস.এম আবদুল্লাহ, সুপারিনটেনডেন্ট, ফতেহপুর ওল্ড স্কীম দাখিল মাদ্রাসা, কচুয়া, চাঁদপুর।	১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ২। চেয়ারম্যান, বামাশিবো, ৩। ডিজি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এবং আরো অন্যান্যসহ মোট ০৭ (সাত) জন।	ফতেহপুর ওল্ড স্কীম দাখিল মাদ্রাসা, কচুয়া, চাঁদপুর এর সভাপতি কর্তৃক গত ২২.০৭.১৯ তারিখের দ্বিতীয় কারণ দর্শানো নোটিশে উল্লেখ করা হয় যে, গত ০৪.০৭.১৯ তারিখে মাদ্রাসা পরিচালনা কমিটির সভার সিদ্ধান্তক্রমে বিভিন্ন দুর্নীতি ও অনিয়মের কারণে পিটিশনারকে চাকুরি হতে সাময়িক বরখাস্ত করা হয়েছে এবং গত ১৩.০৭.১৯ তারিখে পিটিশনারকে নোটিশ করা হয়েছে। উক্ত নোটিশের জবাব না দেয়ায় কেন সাময়িক বরখাস্ত করা হবে না সেমর্মে পিটিশনারের প্রতি ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়। পরবর্তীতে পিটিশনার কর্তৃক গত ২২.০৮.১৯ তারিখে তার বিরুদ্ধে অভিযোগের সত্যতা আছে কিনা, কোন ধরনের তদন্ত কমিটি গঠন না করে চাকুরি হতে সাময়িক বরখাস্ত করা হয়েছে, বিষয়টি আইনানুগভাবে পর্যালোচনা না করে বিগত ০৪.০৭.১৯ তারিখের রেজুলেশন ও ১৩.০৭.১৯ এবং ২২.০৭.১৯ তারিখের কারণ দর্শানো নোটিশের কার্যক্রম/সিদ্ধান্ত বাতিলক্রমে পিটিশনারকে উক্ত পদে/ স্বপদে পুনর্বহাল করে বর্ণিত প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটিকে নির্দেশ দেয়ার জন্য মহোদয় বরাবর আবেদন করা হয়। উক্ত আবেদনটি মহোদয় কর্তৃক নিষ্পত্তি না হওয়ায় পিটিশনার কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১২৬২২/১৯ দায়ের করা হয়।

০২। উক্ত রিট মামলাটি গত ১৫.১২.২০১৯ তারিখের মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক নিম্নরূপ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করা হয়:

Pending hearing of the Rule, the respondent No. 2 is directed to dispose of petitioner's said complaint dated 22.08.2019 (Annexure-F) in accordance with law, within a period of 30 (thirty) days from receipt of this order. With the disposal of the said application, the Rule itself shall automatically stand discharged as being infructuous.

০৩। উক্ত মামলায় পিটিশনার কর্তৃক ২২.০৮.১৯ তারিখে দাখিলকৃত অভিযোগ আইনানুগভাবে কেন নিষ্পত্তি করা হবে না সেমর্মে ১২.০১.২০ তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য রেসপনডেন্টগণের এর প্রতি নির্দেশনা দেয়া হয়েছে। সে প্রেক্ষিতে বর্ণিত রিট মামলার অন্তর্বর্তীকালীন আদেশে পিটিশনারের ২২.০৮.১৯ তারিখের আবেদনটি বিধিগতভাবে নিষ্পত্তি করে সরকার পক্ষে দ্রুত মামলার জবাব (Affidavit in opposition) দাখিল আবশ্যিক।

০৪। সোসাথে যেহেতু উক্ত রিট মামলার ১৫.১২.১৯ খ্রি. তারিখের আদেশে পিটিশনার কর্তৃক ২২.০৮.১৯ খ্রি. তারিখের আবেদনপত্রটি (যা চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড বরাবর (Annexure-F হিসেবে) দাখিল হয়েছিল। যথাসময়ে নিষ্পত্তি না করায় রিট মামলার উত্তর হয়েছে সেহেতু বর্ণিত রিট মামলার নির্দেশনা মোতাবেক পিটিশনারের ২২.০৮.১৯ খ্রি. তারিখের আবেদনটি (Annexure-F হিসেবে) মহোদয় কর্তৃক বিধিগতভাবে নিষ্পত্তি হওয়া আবশ্যিক।

০৫। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১৪২১২/২০১৯ মামলায় গত ১৫.১২.১৯ তারিখের নির্দেশনা মতে পিটিশনারের ২২.০৮.১৯ তারিখের আবেদনটি (Annexure-F হিসেবে) বিধি অনুযায়ী নিষ্পত্তি করে পিটিশনারকে জানিয়ে গৃহীত পদক্ষেপের তথ্য মহামান্য আদালতকে (আইনগত সুযোগ থাকলে) অবহিতক্রমে আগামী ২৫.০৩.২০ খ্রি. তারিখের মধ্যে TMED কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো। সোসাথে জবাব (Affidavit in opposition) আদালতে দাখিল নিশ্চিত করার জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি: ক. রিট পিটিশন নং-১৪২১২/১৯ মামলার ১৫.১২.১৯ তারিখের অন্তর্বর্তীকালীন আদেশ-০১ পাতা।

খ. Annexure-F হিসেবে প্রদর্শিত আবেদনের ছায়ািলিপি- ০১ পাতা।

(মো: আ: খানেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
বখশীবাজার, ঢাকা।
অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। মাস্টার কপি/অফিস কপি।